

65693 - কন্টাক্ট লেন্সকে ক্লিনিং লিকুইডে ডুবানোর পর ব্যবহার করা রোযার উপর কোন নেতিবাচক প্রভাব ফেলবে না

প্রশ্ন

রোযা অবস্থায় কন্টাক্ট লেন্স ব্যবহার করা কি জায়েয? যেহেতু; যেমনটি আপনারা জানেন যে, এটাকে বিশেষ ক্লিনিং লিকুইডে রাখা হয়? আশা করি বিস্তারিতভাবে জবাব দিবেন?

প্রিয় উত্তর

রোযা অবস্থায় কন্টাক্ট লেন্স ব্যবহার করা জায়েয। এটাকে প্রথমে ক্লিনিং লিকুইডের মধ্যে রাখা হয় বিধায় কোন ক্ষতি হবে না। সর্বোচ্চ যা ঘটতে পারে সেটা হলো কিছু লিকুইড চোখে অনুপ্রবেশ করতে পারে। তখন এটি চোখের ড্রপের পর্যায়ভুক্ত হবে। আলেমদের দুটো অভিমতের মধ্যে সর্বাধিক সঠিক অভিমত হলো: চোখের ড্রপ রোযাকে ভঙ্গ করে না।

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) বলেন:

“রোযাদারের সুরমা লাগাতে, চোখে ও কানে ড্রপ দিতে কোন অসুবিধা নেই। এমনকি যদি গলার ভেতরে এর স্বাদ পায় তবুও এর দ্বারা রোযা নষ্ট হবে না। যেহেতু এটি পানাহার নয় কিংবা পানাহারের স্থলাভিষিক্তও নয়। পানাহার নিষিদ্ধ হওয়ার ব্যাপারে দলিল উদ্ধৃত হয়েছে। তাই যা কিছু পানাহারের স্থলাভিষিক্ত সেগুলো ছাড়া অন্য কিছুকে এর অধিভুক্ত করা যাবে না। এখানে আমরা যা উল্লেখ করলাম সেটি শাইখুল ইসলাম ইবনে তাইমিয়ার মনোনীত অভিমত এবং এটাই সঠিক।”[সমাণ্ড]

[ফিকহুল ইবাদাত (পৃষ্ঠা-১৯১)]

দেখুন: 2299 নং, 22199 নং ও 38023 নং প্রশ্নোত্তর।

আল্লাহই সর্বজ্ঞ।